**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) খাদ্য ও গনবন্টন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, খুব শিগগিরই রেশন ভোক্তাদের ডিজিটাল পিভিসি রেশন কার্ড প্রদান করা হবে।**

**(২) এডিসি'র দুই দিনের অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সমবায় ক্ষেত্রের সম্প্রসারণের জন্য বিশ্বব্যাপী সমবায় সংস্থাগুলির সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।**

**(৪) ৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতায় পুরুষ বিভাগে সি আর পি এফ তৃতীয় হয়েছে।**

******************************************

**Press Meet Food Minister :**

খাদ্য ও গনবন্টন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, খুব শিগগিরই রেশন ভোক্তাদের ডিজিটাল পিভিসি রেশন কার্ড প্রদান করা হবে। তিনি ভোক্তাদের উদ্দেশ্যে অনুরোধ করেন, পিভিসি রেশন কার্ডের জন্য ভোক্তারা যেন অবিলম্বে তাদের সকলের আঙ্গুলের ছাপ দিয়ে e-KYC নথিভুক্ত করিয়ে নেন। শ্রী চৌধুরী আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে সম্প্রতি তাঁর নয়াদিল্লি সফরে, রেলমন্ত্রী, অসামরিক বিমান পরিবহন, কেন্দ্রীয় খাদ্য, ও পর্যটনমন্ত্রীদের সঙ্গে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার বিস্তারিত তথ্য তুলে ধরেন। তিনি জানান, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে সাক্ষাৎকারে বদরপুর থেকে আগরতলা পর্যন্ত রেললাইন দ্রুত বৈদ্যুতিকীকরন করা, আগরতলা থেকে বন্দেভারত এক্সপ্রেস ট্রেন চলাচল শুরু করা, আগরতলা থেকে পুরী, জম্মু ও গয়ার মধ্যে সরাসরি এক্সপ্রেস ট্রেন চালু করা,

শিয়ালদহ-সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস  ট্রেন বিলোনীয়া, তেলিয়ামুড়া ও মনু ষ্টেশনে ষ্টপেজ দেওয়ার দাবি করা হয়।

*****************************

**ADC :**

এডিসি'র দুই দিনের অধিবেশন আগামীকাল থেকে খুমুলুং-এ পরিষদীয় ভবনে শুরু হচ্ছে। অধিবেশন শুরু হবে আগামীকাল সকাল ১১টায়। অধিবেশন শেষ হবে আগামী ১০ই মার্চ। এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা আজ এখবর জানিয়েছেন।

****************************

**ARDD Minister :**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যকে দুধ, মাংস ও ডিম উৎপাদনে স্বয়ম্ভর করার জন্য বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। রাজ্যের সব জেলাতেই ডেয়ারি স্থাপনের জন্য ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে প্রাণী কল্যাণ বিধি, আইন ও নিয়মাবলী নিয়ে আয়োজিত রাজ্যভিত্তিক একদিনের আলোচনাচক্র ও সচেতনতা অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। ত্রিপুরা ভেটেরিনারি ডক্টরস অ্যাসোসিয়েশন আয়োজিত এই আলোচনাচক্রে শ্রী দাস বলেন, প্রাণীদের প্রতি অন্যায়, নিষ্ঠুরতা ও নিয়ন্ত্রণের জন্য ভারত সরকার ১৯৬৪ সালে অ্যানিমেল ওয়েলফেয়ার বোর্ড গঠন করে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা. এন কে চাকমা।

অনুষ্ঠানে করোনাকালীন সময়ে প্রাণী কল্যাণে অসাধারণ কাজ করার জন্য গোমতী অ্যানিমেল ওয়েলফেয়ার সোসাইটিকে ও দপ্তরের কৈলাসহরের সহ অধিকর্তা তপন রায়কে পুরস্কৃত করা হয়। তাছাড়া গতবছরের বন্যার সময় প্রাণী কল্যাণে অভূতপূর্ব কাজ করার জন্য দক্ষিণ জেলার উপ অধিকর্তা ডা. সুবীর দাস ও তার সহকর্মীদের, গোমতী জেলার উপ অধিকর্তা ডা. বিল্ল দেববর্মা ও তার সহকর্মীদের ও সিপাহীজলা জেলার

উপ অধিকর্তা ডা. অমল মজুমদার ও তার সহকর্মীদের সংবর্ধনা দেওয়া হয়।

*****************************

**Viksit Bharat CBC program :**

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন উদ্যোগে সিপাহীজলা জেলার নলছড় ব্লকের শিবনগর কমিউনিটি হলে আজ অনুষ্ঠিত হয় বিকশিত ভারতের বিশেষ সচেতনতামূলক অনুষ্ঠান। স্বচ্ছতা হি সেবা, এক পেড় মাকে নাম, নেশামুক্ত ভারত অভিযান, মিশন লাইফ, মহিলা স্ব-শক্তিকরন, আত্মনির্ভর ভারত ইত্যাদি বিষয়ের উপর আলোচনাচক্রে অংশ গ্রহণ করেন এলাকার স্ব - সহায়ক দলের মহিলাদের পাশাপাশি বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সাধারণ জনগন। সচেতনতামূলক আলোচনা পর্ব শুরুর আগে উপস্থিত অতিথিরা বৃক্ষরোপন ও সাফাই অভিযানে অংশ নেন। উদ্বোধন করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস। তিনি বলেন, সিপাহীজলা জেলায় বাল্যবিবাহের হার বেশি। বাল্য বিবাহ রুখতে অভিভাবকদের আরো সচেতন হবার জন্য তিনি পরামর্শ দেন। স্বচ্ছতা ও প্রকৃতিকে রক্ষায় সবাইকে বৃক্ষ রোপনের জন্য তিনি আহ্বান জানান।

########Byte-Swapan Das########

অনুষ্ঠানে বক্তব্য রাখেন PIB আগরতলার উপ-অধিকর্তা সুভাশিষ চন্দ, দূরদর্শন কেন্দ্র আগরতলার সহকারী অধিকর্তা কুনাল সিন্ডে, নলছড় ব্লকের বিডিও সুরঞ্জিত সরকার। অনুষ্ঠানের শেষ পর্বে উন্মুক্ত কুইজ প্রতিযোগিতা অনুর্ষ্ঠিত হয়।

*****************************

**Dhalai-Workshop :**

২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে বিভিন্ন কাজকর্মের রূপরেখা তৈরির লক্ষ্যে আজ থেকে রাজ্যে প্রশাসনিক কর্মশালা শুরু হয়েছে। আজ

প্রথম প্রশাসনিক কর্মশালাটি আমবাসা টাউন হলে অনুষ্ঠিত হয়। প্রতিটি রাজ্যের উন্নয়ন নিয়ে গত বছর ডিসেম্বর মাসে মুখ্য সচিবদের সম্মেলনে যা আলোচনা হয়েছে, তা আজ এই কর্মশালায় অবহিত করা হয়। কর্মশালায় ধলাই, খোয়াই, উত্তর ও ঊনকোটি জেলার সব জেলাশাসক, মহকুমা শাসক, বিডিও এবং অন্যান্য আধিকারিকগণ অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন মুখ্য সচিব জে কে সিনহা, পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের সচিব এল টি ডারলং, শিল্প বাণিজ্য ও তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে, গ্রামোন্নয়ন সচিব অভিষেক সিং, বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ডঃ কে শশী কুমার। এই কর্মশালা প্রসঙ্গে ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ বলেন, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশায় বিভিন্ন কাজের রূপরেখা কি হওয়া উচিত এ বিষয়ে আজকের কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়।

#######Byte-Dhalai DM#######

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**PM, Co-operative :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সমবায় ক্ষেত্রের সম্প্রসারণের জন্য বিশ্বব্যাপী সমবায় সংস্থাগুলির সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি সমবায় সংস্থাগুলির মাধ্যমে জৈব পণ্য প্রচারের গুরুত্বের উপরও জোর দিয়েছেন। তিনি আজ দেশে সমবায় ক্ষেত্রের অগ্রগতি বিষয়ে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করে একথা বলেন। বৈঠকে, শ্রী মোদী রপ্তানির উপর মনোযোগ দেওয়ার এবং কৃষি পদ্ধতি উন্নত করার জন্য একটি মাটি পরীক্ষার মডেল তৈরির পরামর্শও দিয়েছেন। তিনি স্কুল, কলেজ এবং আইআইএম-তে সমবায় কোর্স চালু করার পাশাপাশি ভবিষ্যত প্রজন্মকে অনুপ্রাণিত করার জন্য সফল সমবায় সংস্থাগুলিকে প্রচার করার প্রস্তাব করেন। সভায় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*****************************

**Women's Day :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই মাসের ৮ তারিখে আন্তর্জাতিক নারী দিবসে নতুনদিল্লিতে একটি জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক "নারী শক্তি থেকে বিকশিত ভারত" এই প্রতিপাদ্য নিয়ে এই সম্মেলনের আয়োজন করছে। এই অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের মহিলারা অংশগ্রহণ করবেন, যার মধ্যে সশস্ত্র বাহিনী এবং আধাসামরিক বাহিনীর কর্মকর্তা, দিল্লি পুলিশ, মাই ভারত স্বেচ্ছাসেবক, অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী এবং স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা অন্তর্ভুক্ত থাকবেন।

উল্লেখ্য ২০২৫ সালের আন্তর্জাতিক নারী দিবসের  ভাবনা হল 'সকল নারী ও মেয়েদের জন্য অধিকার, সমতা ও ক্ষমতায়ন।' এদিকে সম্প্রতি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আন্তর্জাতিক নারী দিবসের আগে নমো অ্যাপ ওপেন ফোরামে ভারতজুড়ে নারীদের তাদের অনুপ্রেরণামূলক জীবনযাত্রা ভাগ করে নেওয়ার জন্য উৎসাহিত করেছেন। একটি বিশেষ উদ্যোগ হিসেবে, প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন যে নির্বাচিত নারীরা ৮ই মার্চ তাদের কণ্ঠস্বর এবং

অভিজ্ঞতাকে আরও জোরদার করার জন্য তাঁর সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে তাদের অভিজ্ঞতা শেয়ার করবেন।

****************************

**India-Bangladesh :**

কলকাতায় আজ সকালে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬তম বৈঠক শুরু হয়েছে। আমাদের সংবাদদাতা জানিয়েছেন, দুই দেশের সচিব পর্যায়ের বৈঠকের পর, এই বিষয়ে উভয় দেশের প্রতিনিধিদের নিয়ে ছয় সদস্যের একটি কারিগরি কমিটি গঠন করা হতে পারে। এই কমিটি মূলতঃ আগামী তিন মাসের মধ্যে এই চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ করবে। এই কমিটি গঠনের বিষয়টি যৌথ নদী কমিশনের সভায় উত্থাপিত হবে। উল্লেখ্য, ভারত ও বাংলাদেশের মধ্যে গঙ্গা জল চুক্তি ১৯৯৬ সালে স্বাক্ষরিত হয়েছিল। ৩০ বছরের চুক্তির মেয়াদ আগামী বছর শেষ হচ্ছে। বাংলাদেশ থেকে ১১ সদস্যের প্রতিনিধি দল এই বৈঠকে যোগ দিতে কলকাতায় এসেছে। প্রতিনিধিদল জানিয়েছে যে এজেন্ডায় মোট ১১টি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে, তবে গঙ্গা জল চুক্তি এতে অন্তর্ভুক্ত নয়।

****************************

**Rally :**

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ মহারাজা বীর বিক্রম কলেজের মহিলা সেল এর উদ্যোগে সচেতনতামূলক রেলির আয়োজন করা হয়। মহিলাদের সর্বত্র সমান অধিকারের দাবি নিয়ে এই রেলিটি কলেজ চত্বর পরিক্রমা করে। কলেজের অধ্যাপিকা ও ছাত্রীরা রেলিতে অংশ নেয়।

**************************

**Best Gram Panchayat :**

আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে পঞ্চায়েত রাজ মন্ত্রকের পক্ষ থেকে গোমতি জেলার অমরপুর ব্লকের থাকছড়া পঞ্চায়েত প্রধান লতা দে-কে সংবর্ধনা দেয়া হয়। বিধায়ক রঞ্জিত দাস

আমাদের জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানান, রাজ্যের আটটি পঞ্চায়েত মহিলা বান্ধব পঞ্চায়েত হিসেবে পরিচিতি লাভ করেছে, এর মধ্যে অন্যতম অমরপুর ব্লকের থাকছড়া পঞ্চায়েত। এটি নয়জন মহিলা জনপ্রতিনিধি দ্বারা পরিচালিত গ্রাম যেটি পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রসারে দুর্দান্ত কাজের নিরিখে গতবছর জাতীয় পঞ্চায়েত পুরস্কার অর্জন করে।

***************************

**Recover of Yaba :**

পশ্চিম জেলার পুলিশ সুপার ডাঃ কিরন কুমার কে আজ পশ্চিম থানায় সাংবাদিক সম্মেলনে জানান, চান্দিনামুড়ায় এক বাড়িতে তল্লাশি চালিয়ে পাঁচ কোটি টাকার নেশা সামগ্রী উদ্ধার করা হয়েছে। তিনজনকে গ্রেফতার করা হয়েছে।

************************

**Village Health & Nutrition Day :**

অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পাঠরত ছোট ছোট শিশুদের পুষ্টিকর খাদ্য প্রদান ও রুটিন মাফিক স্বাস্থ্য পরীক্ষার লক্ষ্যে আজ জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনস্থ আভাংছড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালিত হয়। বহুমুখী স্বাস্থ্য কর্মী শুক্লা দত্ত ও আশা কর্মীরা অনুষ্ঠানে আসা ছোট ছোট শিশু ও সন্তানসম্ভবা মায়েদের স্বাস্থ্য পরীক্ষা করেন।

********************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতায় পুরুষ বিভাগে সি আর পি এফ তৃতীয় হয়েছে। আজ সকালে উমাকান্ত মিনি স্টেডিয়ামে তৃতীয় স্থানের লড়াইয়ে সি আর পি এফ পেনাল্টি শুটে ৫-৪ গোলে পাঞ্জাবকে হারিয়ে দেয়। নির্দ্ধারিত সময়ের খেলা ৩-৩ গোলে ড্র ছিল। অপরদিকে, মেয়েদের বিভাগে তৃতীয় হয়েছে ওড়িশা পুলিশ। একই

মাঠে অনুষ্ঠিত খেলায় ওড়িশা ৬-১ গোলে মণিপুর পুলিশ দলকে হারিয়ে দেয়।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস।

******************************